Secretary
Bangladesh Supreme Court Bar Association

SUPREME COURT BAR ASSOCIATION
Dhaka-1000, Tel : +88-02-9559626, 9565545
Fax : +88-02-9570133, E-mail: scba.bd@gmail.com
Web : www.scba.org.bd

Ref :.....নং.এস.সি.বি.এ-এস/২০২৬-২৭/৪৪৫

Date :.....০৯/১১/২০২৬.....

দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতির সম্মানিত সদস্যগণের তথ্যসম্বলিত মেম্বার ডাইরেক্টরি এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতির গঠনতন্ত্র মুদ্রণের জন্য বাংলাদেশের স্বনামধন্য মুদ্রণ প্রতিষ্ঠানসমূহের নিকট হতে দরপত্র আহ্বান করা হচ্ছে। মুদ্রণসংক্রান্ত বিবরণ নিম্নরূপ:

ক্রমিক নং	বিবরণ	পরিমাণ
০১।	মেম্বার ডাইরেক্টরি	২,৫০০ কপি
০২।	বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতির গঠনতন্ত্র	২,০০০ কপি

শর্তসমূহ:

১। মেম্বার ডাইরেক্টরি ও গঠনতন্ত্র সমিতির কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ডিজাইন, সাইজ, মান ও চাহিদা অনুযায়ী মুদ্রণ করতে হবে।

২। অনলাইন ও হার্ডকপি থেকে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ, সংকলন, সম্পাদনা ও মুদ্রণসংক্রান্ত কাজ সম্পন্ন করতে হবে।

৩। দরপত্রে উভয় প্রকাশনার মুদ্রণ, কাগজ, প্রচ্ছদ, বাঁধাই, ফিনিশিং ও অন্যান্য আনুষঙ্গিক কাজের বিস্তারিত বিবরণসহ পৃথক মূল্য উল্লেখ করতে হবে।

৪। মুদ্রণকাজে ব্যবহৃত কাগজের মান, প্রচ্ছদ, বাঁধাই ও ফিনিশিংয়ের নমুনা দরপত্রের সঙ্গে দাখিল করতে হবে।

৫। চূড়ান্ত মুদ্রণ শুরু করার পূর্বে সমিতির কর্তৃপক্ষের অনুমোদনের জন্য নমুনা কপি (Proof Copy) জমা দিতে হবে। কর্তৃপক্ষের লিখিত অনুমোদন ব্যতীত চূড়ান্ত মুদ্রণ করা যাবে না।

৬। মেম্বার ডাইরেক্টরিতে অন্তর্ভুক্ত সদস্যগণের নাম, পদবি, ঠিকানা, ফোন নম্বর, ছবি ও অন্যান্য তথ্য যথাযথভাবে যাচাই করে নির্ভুলভাবে মুদ্রণ করতে হবে।

৭। সদস্যগণের ব্যক্তিগত তথ্যের গোপনীয়তা বজায় রাখতে হবে। সমিতির লিখিত অনুমতি ব্যতীত সংগৃহীত তথ্য কোনো তৃতীয় পক্ষের নিকট প্রকাশ, সরবরাহ বা অন্য কোনো কাজে ব্যবহার করা যাবে না।

৮। মুদ্রণকাজে কোনো ধরনের ভুল, অসংগতি, নিম্নমানের কাগজ, মুদ্রণ ত্রুটি বা বাঁধাইয়ের ত্রুটি পাওয়া গেলে সরবরাহকারী প্রতিষ্ঠানকে নিজ খরচে সংশোধন বা পুনর্মুদ্রণ করতে হবে।

৯। দরপত্রে মুদ্রণকাজ সম্পন্ন ও সরবরাহের সম্ভাব্য সময়সীমা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

BANGLADESH SUPREME COURT BAR ASSOCIATION * DHAKA *

পাতা-১

CamScanner

Secretary
Bangladesh Supreme Court Bar Association

SUPREME COURT BAR ASSOCIATION
Dhaka-1000, Tel : +88-02-9559626, 9565545
Fax : +88-02-9570133, E-mail: scba.bd@gmail.com
Web : www.scba.org.bd

Ref :.....নং.এস,সি,বি,এ-এস/২০২৬-২৭/৪৪৫ Date :.....০৯/১১/২০২৬.....

১০। দরপত্রে উল্লিখিত মূল্য কাগজ, মুদ্রণ, বাঁধাই, পরিবহন, প্যাকেজিং, ভ্যাট, ট্যাক্স ও অন্যান্য আনুষঙ্গিক ব্যয়সহ সর্বসমেত হতে হবে। কোনো অতিরিক্ত দাবি গ্রহণযোগ্য হবে না, যদি না কর্তৃপক্ষ পূর্বে লিখিতভাবে অনুমোদন প্রদান করে।

১১। দরপত্রদাতা প্রতিষ্ঠানকে অনুরূপ মুদ্রণকাজ সম্পাদনের অভিজ্ঞতা ও পূর্ববর্তী কাজের বিবরণ দাখিল করতে হবে।

১২। দরপত্রের সঙ্গে প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, TIN, BIN (যদি প্রযোজ্য হয়) এবং অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করতে হবে।

১৩। নির্বাচিত প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রাপ্তির পর নির্ধারিত সময়ের মধ্যে মুদ্রণকাজ সম্পন্ন করে সমিতির অফিসে সরবরাহ করতে হবে।

১৪। মুদ্রণকাজের বিল সমিতির কর্তৃপক্ষ কর্তৃক কাজের মান ও পরিমাণ যাচাই করে সন্তোষজনকভাবে গ্রহণের পর প্রচলিত নিয়ম অনুযায়ী পরিশোধ করা হবে।

১৫। দরপত্রের সঙ্গে কোনো শর্তযুক্ত বা অসম্পূর্ণ প্রস্তাব দাখিল করা হলে তা বিবেচনার অযোগ্য হতে পারে।

১৬। দরপত্র গ্রহণ বা বাতিল, দরপত্রের কোনো অংশ গ্রহণ অথবা কোনো কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্রের কার্যক্রম বাতিল করার অধিকার সমিতির কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।

১৭। দরপত্রদাতাকে দরপত্রের সকল শর্ত মেনে কাজ সম্পাদনের লিখিত অঙ্গীকার প্রদান করতে হবে।

১৮। দরপত্র জমাদানের শেষ তারিখ: ২২/১১/২০২৬ ইংরেজী।

১৯। দরপত্র নির্ধারিত সময়ের মধ্যে বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতির অফিসে নিম্নস্বাক্ষরকারীর বরাবর সিলগালা করা খামে জমা দিতে হবে। খামের উপর "মেম্বার ডাইরেক্টরি ও গঠনতন্ত্র মুদ্রণের দরপত্র" উল্লেখ করতে হবে।

২০। দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান সমিতির কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হবে এবং প্রয়োজনে দরপত্রদাতাদের অবহিত করা হবে।

আগ্রহী ও যোগ্য প্রতিষ্ঠানসমূহকে নির্ধারিত সময়ের মধ্যে দরপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

BANGLADESH SUPREME COURT BAR ASSOCIATION DHAKA

(মোহাম্মদ আলী)
সম্পাদক
বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতি

পাতা-২

CamScanner